

ঋণের নাম

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষ ঋণ কর্মসূচি।

ঋণের উদ্দেশ্য

সীমিত আয়ের চাকুরিজীবী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে তাঁদের সাময়িক আর্থিক সংকট নিরসন করা ও দেশের আর্থসামাজিক উন্নয়নে অবদান রাখা।

ঋণ প্রাপ্তির যোগ্যতা

- সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক হতে হবে।
- বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণ প্রদানকারী শাখার মাধ্যমে আবেদনকারীর বেতন-ভাতাদি প্রদেয় হতে হবে। ঋণ আবেদনকারীর বেতন ভাতাদি বাংলাদেশ কৃষি ব্যাংকের যে শাখায় জমা হবে শুধুমাত্র সে শাখায় ঋণের জন্য আবেদন করতে হবে।
- চাকুরিকাল ন্যূনতম ৩ বছর সম্পন্নকারী শিক্ষকগণ এ কর্মসূচির আওতায় ঋণের জন্য আবেদন করতে পারবেন। তবে চাকুরির মেয়াদকাল কমপক্ষে পিআরএলসহ ৩ বছর থাকতে হবে।

ঋণ সুবিধার প্রকৃতি

- সুদের হার : ১২.৫০%।
- ঋণের সিলিং : সর্বোচ্চ ১০.০০ লক্ষ টাকা।
- ঋণের মেয়াদকাল : সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর।

পরিশোধ পদ্ধতি

ক) ঋণের মেয়াদকালের মধ্যে সম-মাসিক কিস্তিতে বেতন হতে আদায়/পরিশোধযোগ্য। ১২.৫০% হারে (সময়ে সময়ে পরিবর্তনযোগ্য) এমোর্টাইজেশন (Amortization) পদ্ধতিতে নিম্নোক্তভাবে মাসিক কিস্তি নির্ধারিত হবেঃ

ঋণসীমা (টাকায়)	১২ কিস্তিতে পরিশোধযোগ্য	২৪ কিস্তিতে পরিশোধযোগ্য	৩৬ কিস্তিতে পরিশোধযোগ্য	৪৮ কিস্তিতে পরিশোধযোগ্য	৬০ কিস্তিতে পরিশোধযোগ্য
১,০০,০০০.০০	৮৯০৮.০০	৪৭৩১.০০	৩৩৪৫.০০	২৬৫৮.০০	২২৫০.০০
২,০০,০০০.০০	১৭৮১৭.০০	৯৪৬১.০০	৬৬৯১.০০	৫৩১৬.০০	৪৫০০.০০
৩,০০,০০০.০০	২৬৭২৫.০০	১৪১৯২.০০	১০০৩৬.০০	৭৯৭৪.০০	৬৭৪৯.০০
৪,০০,০০০.০০	৩৫৬৩৩.০০	১৮৯২৩.০০	১৩৩৮১.০০	১০৬৩২.০০	৮৯৯৯.০০
৫,০০,০০০.০০	৪৪৫৪১.০০	২৩৬৫৪.০০	১৬৭২৭.০০	১৩২৯০.০০	১১২৪৯.০০
৬,০০,০০০.০০	৫৩৪৫০.০০	২৮৩৮৪.০০	২০০৭২.০০	১৫৯৪৮.০০	১৩৪৯৯.০০
৭,০০,০০০.০০	৬২৩৫৮.০০	৩৩১১৫.০০	২৩৪১৮.০০	১৮৬০৬.০০	১৫৭৪৯.০০
৮,০০,০০০.০০	৭১২৬৬.০০	৩৭৮৪৬.০০	২৬৭৬৩.০০	২১২৬৪.০০	১৭৯৯৮.০০
৯,০০,০০০.০০	৮০১৭৫.০০	৪২৫৭৭.০০	৩০১০৮.০০	২৩৯২২.০০	২০২৪৮.০০
১০,০০,০০০.০০	৮৯০৮৩.০০	৪৭৩০৭.০০	৩৩৪৫৪.০০	২৬৫৮০.০০	২২৪৯৮.০০